

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

২৫ বৈশাখ, ১৪০৭
তারিখঃ-----
০৮ মে, ২০০০

এফ, ই, সার্কুলার নং-১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

১০০% রপ্তানীমুখী দেশীয় প্রতিষ্ঠান কর্তৃক চামড়াছাত
দ্রব্য রপ্তানীর বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আমাদের ১৭ই এপ্রিল, ২০০০ তারিখের ০৯ নং এফ, ই, সার্কুলারের ০৩ নং অনুচ্ছেদের প্রথম
স্ক্যের পর “ তবে পাকিস্তান, ভারত, হংকং ও সিংগাপুর ব্যতীত বিশ্বের অন্যান্য দেশে ঋণপত্রের পাশাপাশি চুক্তি পত্রের
মাধ্যমে রপ্তানীর ক্ষেত্রেও নগদ সহায়তা প্রদানযোগ্য হইবে ” বাক্যটি সন্নিবেশিত হইল। এতদনুসারে উল্লিখিত এফ, ই,
সার্কুলারের সহিত সংযোজিত ফরম ‘ক’ এর (খ) ক্রমিকে চুক্তিপত্রের বিপরীতে রপ্তানীর ক্ষেত্রে রপ্তানী চুক্তিপত্রের নম্বর,
তারিখ ও পঠনযোগ্য কপির আবশ্যিকতা প্রযোজ্য হইবে।

০২। উল্লিখিত এফ, ই, সার্কুলারের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করিবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ, কে, এম, মোস্তাফিজুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ-৯৫৫৪৯৬৮।

৫৮